

এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

যুক্তিবিদ্যা: দ্বিতীয় পত্র

বিষয় কোড:

১ ২ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৭০

দ্রষ্টব্য: জান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১. ▶ সম্প্রতি মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের উপর নির্মমভাবে নির্যাতনের প্রতিবাদে ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধনে 'ক' নামের একজন বক্তা নির্যাতনকারীদের প্রতি ধিক্কার জানিয়ে বললেন যে, 'মানুষ আর মানুষ নেই, সব পশু হয়ে গেছে।' এ কথা শুনে একজন শ্রোতা বলল, 'মানুষ কখনো পশু হয় না, কারণ মানুষ হচ্ছে বুদ্ধিবৃত্তি সম্পন্ন জীব।' এমন কথা শুনে 'খ' নামক একজন বক্তা বললেন যে, মানুষকে মানুষ বলাই শ্রেয়। কারণ "মানুষ হচ্ছে সৃষ্টির মুকুট।"


ক. যৌক্তিক সংজ্ঞা কাকে বলে? ১

খ. বাহুল্য সংজ্ঞা অনুপপত্তি কাকে বলে? ২

গ. উদ্দীপকে 'খ' যে সংজ্ঞাটি দিয়েছে তাতে যৌক্তিক সংজ্ঞার কোন নিয়মটি লঙ্ঘিত হয়েছে? বিশ্লেষণ করো। ৩


ঘ. পাঠ্যপুস্তকের আলোকে উদ্দীপকে উল্লিখিত বক্তা ও শ্রোতার সংজ্ঞাগুলোর তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

২. ▶ দৃশ্যকল্প-১:



দৃশ্যকল্প-২:

মানুষ



ক. দ্বিকোটিক বিভাগ কাকে বলে? ১

খ. ক্ষুদ্রতর উজাতির বিভাগ সম্ভব নয় কেন? ২

গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টির নিয়মাবলী আলোচনা করো। ৩

ঘ. যৌক্তিক বিভাগের আলোকে দৃশ্যকল্প-১ ও ২ এর মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৪

৩. ▶ গত জানুয়ারি মাসে তাসকিন রামসাগরে বেড়াতে গেলেন। রামসাগরের চারদিকে ঘুরে তিনি সিদ্ধান্তে পৌঁছান যে, এটি একটি পুকুর।

- ক. প্রকৃত আরোহ কাকে বলে? ১
- খ. আরোহমূলক লক্ষণ বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি কোন আরোহের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত আরোহটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪. ▶ আখি আলমগীরের বাড়ি থেকে একটি মোবাইল হারিয়ে গেল। বাবা মনে মনে ভাবলেন, বাড়ির কাজের ছেলে সিয়াম এটি নিয়েছে। দাদি ভাবলেন মোবাইলটি ভুতে নিয়েছে। মা মনে করলেন পাশের বাড়ির রফিকের কাজ এটি। অবশেষে বাড়ির বুয়েট- পড়ুয়া ছাত্র ইমন হাতের ছাপ পরীক্ষা করে প্রকৃত চোর শনাক্ত করলেন।

- ক. প্রকল্প কী? ১
- খ. প্রকল্প যাচাইযোগ্য হতে হয় কেন? ২
- গ. উদ্দীপকে ইমনের প্রকৃত চোর শনাক্ত করার মাধ্যমে প্রকল্প প্রমাণের কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. প্রকল্পের বৈধ শর্তের আলোকে বাবা ও দাদির বক্তব্যের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৫. ▶ ২০১৭ সালের এইচ.এস.সি পরীক্ষায় রিক্সা চালকের সন্তান মানবিক বিভাগের ছাত্রী ক্রিস্টিনা গোল্ডেন A+ পেয়ে এবারের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় 'খ' ইউনিটে ৪৫তম হওয়ার গৌরব অর্জন করেছে। দ্বাদশ শ্রেণির মেধাবী ছাত্রী মনীষা তার এ সাফল্যের মূলসূত্র জানতে চাইলে ক্রিস্টিনা জানায় যে, "একজন মানুষ যত বেশি পরিশ্রম করবে, সে তত বেশি উন্নতির পথে এগিয়ে যাবে।"


- ক. পরীক্ষণমূলক পদ্ধতি কাকে বলে? ১
- খ. কার্য-কারণ সংক্রান্ত অনুপপত্তি বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সাথে তোমার পাঠ্যসূত্রের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? বিশ্লেষণ করো। ৩
- ঘ. উদ্দীপকে ক্রিস্টিনা বক্তব্যটি পাঠ্যপুস্তকের যে বিষয়টির ইজিত বহন করছে তার সুবিধাগুলো বিশ্লেষণ করো। ৪

৬. ▶ এবারের বন্যায় দিনাজপুর জেলা দারুনভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিশেষ করে বিরল উপজেলায় ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। এর কারণ জানতে বিশেষজ্ঞরা অনুসন্ধান করে দেখেন দিনাজপুর গত পাঁচ বছরের মধ্যে ড্রেনগুলোর কোনো সংস্কার করা হয়নি। বরং এসব ড্রেনের উপর গড়ে উঠেছে অবৈধ স্থাপনা। সুতরাং তারা ধারণা করেছেন, এসব অবৈধ স্থাপনার কারণেই বন্যায় দিনাজপুর জেলা বেশি ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য দায়ী।


- ক. অপনয়ন কী? ১
- খ. অন্বয়ী পদ্ধতিকে নিরীক্ষণের পদ্ধতি বলা হয় কেন? ২
- গ. উদ্দীপকের বর্ণনায় কোন পরীক্ষণমূলক পদ্ধতিটির ধারণা পাওয়া যায়? বিশ্লেষণ করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিটির সুবিধাগুলো আলোচনা করো। ৪
৭. ► সম্প্রতি বেশ কিছু ভূমিকম্প অনুভূত হয়েছে। ভূমিকম্পের কারণে কিছু ভবনের ক্ষতি হয়েছে। কিছু ভবন হেলে পড়েছে। কিছু সাধারণ মানুষ বলেছেন, পাপের কারণে ভবনগুলোর ক্ষতি হয়েছে। তবে বিশেষজ্ঞ দল বলেছেন, ভবন নির্মাণের নিয়ম-কানুনের লঙ্ঘনই এ দুর্ঘটনার জন্য দায়ী।

- ক. অন্তর্ভুক্তি কী? ১
- খ. লৌকিক ব্যাখ্যা ব্যক্তিভেদে ভিন্ন হয় কেন? ২
- গ. উদ্দীপকে সাধারণ মানুষের বক্তব্যে কোন বিষয়টি ফুটে উঠেছে? বিশ্লেষণ করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত সাধারণ মানুষ ও বিশেষজ্ঞ দলের মন্তব্যের মধ্যকার পার্থক্য ব্যাখ্যার আলোকে বর্ণনা করো। ৪

৮. ► পাঠ-১:



পাঠ-২:



- ক. শ্রেণিকরণ কাকে বলে? ১
- খ. পরিবর্তনশীল বস্তুর শ্রেণিকরণ সম্ভব নয় কেন? ২
- গ. ১নং পাঠে শ্রেণিকরণের কোন প্রকারটির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ১ নং ও ২ নং পাঠে শ্রেণিকরণের ক্ষেত্রগুলোর তুলনামূলক আলোচনা করো। ৪

৯. ► দৃশ্যকল্প-১: সিদ্দিকুর রহমান গলফ প্রতিযোগিতায় ছয়বার অংশগ্রহণ করে পাঁচবার জয়ী হয় এবং সাবা তিনবার অংশগ্রহণ করে দুইবার জয়ী হয়।

দৃশ্যকল্প-২: মুস্তাফিজ ট্রেনে ঢাকা যাওয়ার সময় পাশের সিটে হঠাৎ তার বাল্যবন্ধু ফয়সালকে পেয়ে বিস্মিত ও আনন্দে আত্মহারা হয়ে গেল।

- ক. সম্ভাবনা কী? ১
খ. আকস্মিকতাকে কীভাবে অপনয়ন করা যায়? ২
গ. দৃশ্যকল্প-১ এ সম্ভাবনা পরিমাপের কোন নিয়মের প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দৃশ্যকল্প ১ ও ২-এর ক্ষেত্রে প্রতিফলিত বিষয়গুলোর মধ্যে পার্থক্য বিশ্লেষণ করো। ৪

১০. ► ঘটনা-১: একজন গবেষক গবেষণা করে দেখলো যে, ধূমপানের কারণে ফুসফুসে ক্যান্সার হয়। আমেরিকার একদল গবেষকও এতে সমর্থন প্রদান করেন। তখন সার্বিকভাবে সকল দেশের গবেষক এই সিদ্ধান্তটিকে একটি সার্বজনীন সিদ্ধান্ত হিসেবে গ্রহণ করেন।

ঘটনা-২: জনাব 'ক' মেডিকেল হাসপাতালে খোঁজ-খবর নিয়ে জানতে পারলেন যে, ঐ দিন হাসপাতালে তিজন রোগী মারা গেছেন। যারা মারা গেছে তারা সবাই ফুসফুসে ক্যান্সার রোগে আক্রান্ত ছিল। এ থেকে তিনি সিদ্ধান্ত গ্রহণ করলেন যে, সে সব রোগী হাসপাতালে মারা যায় তারা সবাই ফুসফুসে ক্যান্সার আক্রান্ত হয়েই মারা যায়।

- ক. আরোহ কাকে বলে? ১
খ. অবৈধ সার্বিকীকরণ অনুপপত্তি ঘটে কেন? ২
গ. উদ্দীপকের ঘটনা-১ কোন বিষয়টির প্রতিনিধিত্ব করছে? তার প্রকৃত বিশ্লেষণ করো। ৩
ঘ. আরোহের আলোকে ঘটনা-১ ও ২-এর মধ্যকার পার্থক্য নিরূপন করো। ৪

১১. ► দৃশ্যকল্প-১: কৃত্রিম বুদ্ধিমত্তা বর্তমান সময়ের আলোচিত বিষয়। রোবট মানুষের কিছু কাজ সম্পাদন করবে। এ কারণে কিছু মানুষ কর্ম হারাবে। রোবট ও মানুষ একই ধরনের কাজ সম্পাদন করতে পারে। এ কারণে কেউ মনে করেন রোবটও মানুষ।

দৃশ্যকল্প-২: মানুষ আলো, পানি, বাতাস ব্যতীত বাঁচতে পারে না। মাছও আলো, পানি, বাতাস ব্যতীত বাঁচতে পারে না। মানুষের প্রাণ আছে, অতএব মাছেরও প্রাণ আছে।

- ক. যুক্তিসাম্যমূলক আরোহ কাকে বলে? ১
খ. পূর্ণাঙ্গ আরোহকে কেন অপ্রকৃত আরোহ বলা হয়? ২
গ. দৃশ্যকল্প-১ কোন সাদৃশ্যানুমানের ধারণা উপস্থাপনা করে? বিশ্লেষণ করো। ৩
ঘ. পাঠ্যসূচির আলোকে দৃশ্যকল্প ১ ও ২-এর মধ্যকার পার্থক্য নিরূপন করো। ৪

বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অজীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্মিলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।

১. রবিন 'কবি' পদটির সংজ্ঞায়নের ক্ষেত্রে কিটস, শেলি, বায়রন প্রমুখ কবিগণ লেখকদের নাম উল্লেখ করে 'কবি' পদটির অর্থ বোঝানোর চেষ্টা করেন। এখানে সংজ্ঞায়নে কোনটির প্রয়োগ লক্ষ্য করা যায়?
 - ক) চিরাচরিত ও প্রচলিত পদ্ধতি
 - খ) জ্ঞাতার্থভিত্তিক কৌশল
 - গ) ব্যক্ত্যর্থভিত্তিক কৌশল
 - ঘ) পদের অপরিহার্য গুণ
 ২. লৌকিক প্রক্রিয়া দ্বারা কোনটিকে প্রমাণ করা যায়?
 - ক) বর্ণনা
 - খ) সংজ্ঞা
 - গ) বিভাগ
 - ঘ) শ্রেণিকরণ
 ৩. যুক্তিবিদ্যার অধিকাংশ ক্ষেত্রে কোন পদ ব্যবহৃত হয়?
 - ক) শ্রেণিবাচক
 - খ) নামবাচক
 - গ) বিশিষ্টপদ
 - ঘ) অজাতার্থক
 ৪. দ্বিকোটিক বিভাগে সর্বদায় কোনটি ব্যবহৃত হয়?
 - ক) একজোড়া বিরুদ্ধ পদ
 - খ) একজোড়া সমার্থক পদ
 - গ) অসংখ্য নঞর্থক পদ
 - ঘ) একজোড়া বিজোড় পদ
 ৫. যৌক্তিক বিভাগের অন্যতম ভ্রান্ত রূপ হচ্ছে —
 - i. সংকর বিভাগ
 - ii. উল্লঙ্ঘন বিভাগ
 - iii. দ্বিকোটিক বিভাগ
 নিচের কোনটি সঠিক?
 - ক) i ও ii
 - খ) i ও iii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii
 ৬. একক কোনো ব্যক্তি বা স্তুর যৌক্তিক বিভাজনের সম্ভাব্যতার ব্যাপারে তুমি যা বলবে—
 - i. একক কোনো ব্যক্তি বা যৌক্তিক বিভাজন সম্ভব নয়
 - ii. একক কোনো বা বস্তুকে কেবল তার অজ্ঞাপ্রত্যঙ্গে বা বিভিন্ন গুণে বিভক্ত করা যায়
 - iii. যৌক্তিক বিভাগের ক্ষেত্রে জাতিবাচক বা শ্রেণিবাচক পদকে তার অন্তর্গত বিভিন্ন উপজাতি বা উপশ্রেণিতে বিভক্ত করা হয়।
 নিচের কোনটি সঠিক?
 - ক) i ও ii
 - খ) i ও iii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii
 ৭. জ্ঞাত থেকে অজ্ঞাতে উত্তরণ সম্ভব হয় কোন আরোহে?
 - ক) অসংগত আরোহ
 - খ) প্রকৃত আরোহ
 - গ) অবৈজ্ঞানিক আরোহ
 - ঘ) বৈজ্ঞানিক আরোহ
 ৮. পূর্ণাঙ্গ আরোহ পদ্ধতি যেভাবে—
 - i. পূর্ণ গণনামূলক আরোহ
 - ii. নির্দেশ আরোহ
 - iii. নিখুঁত আরোহ
 নিচের কোনটি সঠিক?
 - ক) i ও ii
 - খ) i ও iii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii
 ৯. যুক্তিবিদ্যার বেইন এর মতানুযায়ী 'ইথার' — কে কী বলা যায়?
 - ক) প্রতিবেদক অনুকল্প
 - খ) প্রত্যক্ষণ বাস্তব
 - গ) ইন্দ্রিয়গ্রাহ্য
 - ঘ) সাম্যজস্যপূর্ণ প্রকল্প
 ১০. প্রকল্পের মধ্যে কারণের কী পাওয়া যায়?
 - ক) উৎস
 - খ) প্রমাণ
 - গ) রহস্য
 - ঘ) ইজিাত
 ১১. 'ধূমকেতু উদয় রাজার মৃত্যুর কারণ' — এ প্রকল্পটি যৌক্তিক নয় কেন?
 - ক) কাকতালীয় ঘটনা
 - খ) রাজার মৃত্যু ঘটে না
 - গ) ধূমকেতুর উদয় হয়নি
 - ঘ) দুটি ঘটনার মধ্যে সম্পর্ক নেই
- নিচের অনুচ্ছেদটি পড়ে ১২-১৪ নং প্রশ্নের উত্তর দাও:
- দৃশ্যকল্প-১ : জাফর সাহেব সরকারি কর্মচারি। তিনি প্রতিদিন সন্ধ্যার পর অফিস থেকে বাসায় ফেরেন। আজ রাত ৯ টা বেজে গেছে ফেরেননি।
- দৃশ্যকল্প-২ : সিয়াম ১ম শ্রেণিতে পড়ে। স্কুল ছুটির নির্দিষ্ট সময়ে তার মা তাকে স্কুল থেকে আনতে গিয়ে দেখেন সে স্কুলে নেই।
১২. দৃশ্যকল্প-১- এর ক্ষেত্রে কোন প্রকল্প গ্রহণ করা হবে?
 - ক) দুর্ঘটনায় পতিত হয়েছে
 - খ) হাত ভেঙে গেছে
 - গ) পা ভেঙে গেছে
 - ঘ) নিহত হয়েছে
 ১৩. দৃশ্যকল্প-২ এর ক্ষেত্রে অনেকগুলো সম্ভাব্য কারণ থেকে একটি বেছে নেওয়ার প্রক্রিয়াকে কী বলে?
 - ক) আরোহ সমন্বয়
 - খ) অবরোহ প্রক্রিয়া
 - গ) সাদৃশ্যমূলক অনুমান
 - ঘ) সরল গণনামূলক আরোহ
 ১৪. দৃশ্যকল্প-২ এ সিয়াম কোনো সহপাঠি বলল যে তাকে অন্য এক সহপাঠির সাথে বের হতে দেখেছে। এ প্রেক্ষিতে প্রকল্প গঠন করা হলো যে, সিয়াম কোনো বন্ধুর বাড়ি গিয়াছে। এছাড়া আর কী ধারণা করা যেতে পারে?
 - i. সিয়াম পথ হারিয়েছে
 - ii. সিয়াম অপহৃত হয়েছে
 - iii. সিয়াম নিহত হয়েছে
 নিচের কোনটি সঠিক?
 - ক) i ও ii
 - খ) i ও iii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii

১৫. প্রত্যেক ঘটনার কী আছে?

- ক কারণ
খ ইতিহাস
গ ব্যাখ্যা
ঘ সফলতা

১৬. জসিম বলল, শক্তির অবিনশ্বরতা নিয়মানুসারে এক প্রকারের শক্তি অন্য প্রকারের শক্তিতে রূপান্তরিত হয়। সে এ প্রসঙ্গে আরো বলল —

- i. শক্তির কোনো পরিবর্তন ঘটে না
ii. বাস্তবে শক্তির কোনো ধ্বংস নেই
iii. কারণ ও কার্য হচ্ছে শক্তির দুটি ভিন্ন অবস্থা
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১৭. কার্যকরণ নীতির বৈশিষ্ট্য হিসেবে যৌক্তিক—

- i. এর সংজ্ঞা দেখা যায় যে, কেবল বিভিন্নভাবে বর্ণনা করা যায়
ii. এ নীতিটি আরোহের অন্যতম আকারগত ভিত্তি
iii. এটি প্রাকৃতিক নিয়মানুবর্তিতার নীতির সাথে সম্পৃক্ত

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১৮. ব্যাখ্যার উৎসস্থল কী?

- ক কৌতূহল
খ প্রয়োজন
গ চাহিদা
ঘ বিশ্লেষণ

১৯. বৈজ্ঞানিক ব্যাখ্যার ভিত্তি কী?

- ক বিশেষ ঘটনা
খ আত্মবিশ্বাস
গ সাদৃশ্যানুমাণ
ঘ ইন্দ্রিয় অভিজ্ঞতালব্ধ সাক্ষ্য প্রমাণ

২০. লৌকিক ব্যাখ্যার অবৈজ্ঞানিক ব্যাখ্যা বলা হয় কেন?

- ক কুসংস্কারাচ্ছন্ন বলে
খ প্রচলিত ধারণার কারণে
গ বৈজ্ঞানিক জ্ঞানের প্রয়োগ থাকে না বলে
ঘ বাহ্যিক সাদৃশ্য থাকে বলে

২১. মায়িশা তার একটি প্রকৃতিকে নিবৃত্ত করার জন্য সবসময় শুধু জানতে চায় মায়িশার এ প্রকৃতিকে কী বলা যাবে?

- ক লোভ
খ কৌতূহল
গ ইচ্ছা
ঘ আকাঙ্ক্ষা

২২. বৈজ্ঞানিক ব্যাখ্যারূপ গন্তব্যে পৌঁছাতে যৌক্তিক পথ কোনটি?

- ক প্রকল্প
খ শ্রেণিকরণ
গ আরোহ
ঘ অবরোহ

২৩. শ্রেণিকরণ কী?

- ক বুদ্ধিমূলক প্রক্রিয়া
খ প্রাকৃতিক প্রক্রিয়া
গ মানসিক প্রক্রিয়া
ঘ বৈজ্ঞানিক প্রক্রিয়া

২৪. কৃত্রিম শ্রেণিকরণের ভিত্তি কোনটি?

- ক বিশেষ উদ্দেশ্য সাধন
খ সকলের উদ্দেশ্য পূরণ
গ ব্যক্তিগত উদ্দেশ্যপূরণ
ঘ প্রকৃতিকে বিভক্তিকরণ

২৫. শ্রেণিকরণকে বিশ্লেষণ করলে কোনটি পাওয়া যায়?

- ক মানসিক প্রক্রিয়া
খ সহায়ক প্রক্রিয়া
গ বৈজ্ঞানিক প্রক্রিয়া
ঘ প্রকৃতিকে বিভক্তিকরণ

২৬. জগতে বস্তুসমূহ যেভাবে থাকে —

- i. এলামেলোভাবে
ii. সারিবদ্ধভাবে
iii. অগোছালোভাবে
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৭. কাদের প্রচেষ্টায় 'সম্ভাবনার' বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে?

- ক গ্যালিলিও ও প্যাসকেল
খ প্যাসকেল ও ফারমা
গ ফারমা ও বার্নোলি
ঘ গ্যালিলিও ও বার্নোলি

২৮. বিজ্ঞানী ও যুক্তিবিদদের মতভেদের প্রেক্ষিতে সম্ভাব্যতা তত্ত্বের কয়টি রূপ লক্ষ করা যায়?

- ক ২টি
খ ৪টি
গ ৬টি
ঘ ৮টি

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

সোনালী এক সুপার শপে কেনাকাটা করতে গিয়ে তার ছোটবেলার বান্ধবী মহুয়াকে দেখতে পেয়ে খুশিতে আত্মহারা হয়ে পড়ে। বাড়ি ফিরে সোনালী তার স্বামীকে এ বিষয়ে জানালে তিনি বলেন, বিনা কারণে কখনোই কোনো ঘটনা ঘটে না।

২৯. মহুয়াকে দেখতে পেয়ে সোনালীর খুশিতে আত্মহারা হবার কারণ কী?

- ক অপ্রত্যাশিত ঘটনা
খ পরিকল্পিত ঘটনা
গ অবাস্তব ঘটনা
ঘ সম্ভাব্য ঘটনা

৩০. সোনালীর স্বামী যে মন্তব্য করে সেটি বিশ্লেষণ করলে যেটি প্রতীয়মান হয়—

- i. ঘটনার প্রকৃত কারণ না জানা
ii. ঘটনার পেছনে কারণ থাকে
iii. কার্যকরণ সম্পর্ক নির্ণয়ে অনীহ প্রকাশ করা
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০